

AKASHVANI(Kolkata)

Regional News Unit

Date: 03-01-2026

Desk in Charge:- SDG

Time: 7-35 AM

Compiling :- NBR

DEO: KB

NRT : NBR

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর -

১/ ভোটার তালিকায় অবৈধভাবে ভূয়ো বা অস্তিত্বহীন ভোটারের নাম তোলার অভিযোগে সাসপেন্ড হওয়া রাজ্যের পাঁচ কর্মী- আধিকারিকদের বিরুদ্ধে এবার সংশ্লিষ্ট জেলা নির্বাচনী আধিকারিকদের FIR করার নির্দেশ দিল নির্বাচন কমিশন।

২/ বাড়ি গিয়ে শুনানির বিষয়ে নির্বাচন কমিশনের নির্দেশ অমান্য করা হলে সংশ্লিষ্ট BLO এবং সুপারভাইজারদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। # SIR প্রক্রিয়া বন্ধ করে দিয়ে পুরোনো ভোটার তালিকায় ভোট করলেও, তৃণমূল কংগ্রেসের পরাজয় নিশ্চিত বলে বিজেপি জানিয়েছে।

৩/ প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় রাজ্যের মন্ত্রী চন্দ্রনাথ সিংহার ৩ কোটি ৬০ লক্ষ টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ED ।

৪/ আসন্ন গঙ্গাসাগর মেলা উপলক্ষ্যে, শিয়ালদা থেকে নামখানা ও কাকদ্বীপ যাওয়ার ট্রেনের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বাড়ছে।

৫/ বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা আজ অসমের মুখোমুখি ।

প্রবীণ নাগরিকদের বাড়িতে গিয়ে শুনানি করার বিষয়ে নির্বাচন কমিশনের নির্দেশ অমান্য করা হলে সংশ্লিষ্ট বুথ লেভেল আধিকারিক এবং সুপারভাইজারদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানিকেন্দ্রে বয়স্ক ও অসুস্থ ভোটারদের হাজির হতে বাধ্য করা হচ্ছে বলে অভিযোগ ওঠায় কমিশন বিষয়টি নিয়ে তৎপর হয়েছে। স্পষ্ট জানানো হয়েছে, গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি ভোটার, সন্তানসম্ভবা, বিশেষভাবে সক্ষম এবং ৮৫ বছরের বেশি বয়স্ক নাগরিকদের শুনানিকেন্দ্রে আসার প্রয়োজন নেই। তাঁদের ক্ষেত্রে বাড়িতে গিয়ে শুনানি করার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, দক্ষিণ ২৪ পরগণা জেলায় ইতিমধ্যেই শুরু হয়েছে বিশেষ ক্ষেত্রে বাড়ি গিয়ে শুনানি। গতকাল নির্বাচন কমিশনের পক্ষ থেকে বিশেষ দল পাঠিয়ে প্রাক্তন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী, প্রবীণ সিপিএম নেতা কান্তি গাঙ্গুলির বাড়িতেই এস আই আরের শুনানি করা হয়।

ভোটার তালিকায় অবৈধভাবে ভুয়ো বা অস্তিত্বহীন ভোটারের নাম তোলার অভিযোগে সাসপেন্ড হওয়া রাজ্যের পাঁচ কর্মী- আধিকারিকদের বিরুদ্ধে এবার সংশ্লিষ্ট জেলা নির্বাচনী আধিকারিকদের FIR করার নির্দেশ দিল নির্বাচন কমিশন। দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর পূর্ব বিধানসভা কেন্দ্রের ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার ERO দেবত্তম দত্ত চৌধুরী এবং অ্যাসিস্ট্যান্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার AERO তথাগত মণ্ডল, পূর্ব মেদিনীপুরের ময়না বিধানসভা কেন্দ্রের ইআরও বিপ্লব সরকার, এইআরও সুদীপ্ত দাস এবং ডেটা এন্ট্রি অপারেটর সুরজিৎ হালদারের বিরুদ্ধে ফৌজদারি মামলা রুজুর নির্দেশ দেওয়া হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। এস আই আরের অনুমারেশন পর্বে ভোটার তালিকায় ভুয়ো নাম তোলার অভিযোগে ওই সব আধিকারিকদের সাসপেন্ড করার পাশাপাশি তাদের বিরুদ্ধে এফআইআর করার জন্য রাজ্যের মুখ্য সচিবকে নির্দেশ দিয়েছিল ভারতের নির্বাচন কমিশন। কিন্তু সাসপেন্ড করা হলেও ওইসব আধিকারিকদের বিরুদ্ধে রাজ্য সরকারের তরফে কোনও এফ আই আর

দায়ের করা হয়নি। তাই এবার স্বতপ্রণোদিতভাবে ওই আধিকারিকদের বিরুদ্ধে এফআইআর দায়ের করতে সরাসরি জেলা শাসকদের নির্দেশ দেওয়া হয়েছে।

SIR প্রক্রিয়া বন্ধ করে দিয়ে পুরোনো ভোটার তালিকায় ভোট করলেও, তৃণমূল কংগ্রেসের পরাজয় কোনোভাবেই আটকানো যাবেনা বলে বিজেপি জানিয়েছে। নতুন দিল্লিতে গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য জানান, নির্বাচন কমিশন সম্পর্কে তৃণমূল কংগ্রেসের তোলা অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন। ভারতের নির্বাচন কমিশন বিজেপির কোন শাখা সংগঠন নয় বলেও মন্তব্য করেন তিনি।

(বাইট- শমীক)

গতকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ-র সঙ্গে বৈঠক করেন শ্রী ভট্টাচার্য। তবে, আলোচনার বিষয়বস্তু নিয়ে তিনি কিছু জানাননি।

বাংলাদেশী অনুপ্রবেশকারীদের ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার লক্ষ্যেই SIR করা হচ্ছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মত প্রকাশ করেছেন। মালদার চাঁচলে গতকাল এক জনসভায় তিনি বলেন, ইতিমধ্যেই ৫৮ লক্ষ নাম বাদ গেছে। আগামীদিনে আরো নাম বাদ যাবে।

(বাইট- শুভেন্দু)

২০২৫ সালে স্বাধীনতা দিবসের ভাষণে লালকেল্লার প্রাকার থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতির পরিবর্তনশীল মানসিকতার চিত্র তুলে ধরেন। এ প্রসঙ্গে তিনি বলেন, শিশুরা এখন খেলাধুলায় আগ্রহী হলে বাবা-মায়েরা খুশি হন। বিকশিত ভারত গড়ে তুলতে এই মানসিকতার পরিবর্তন ভীষণ গুরুত্বপূর্ণ।

একটি প্রতিবেদন-

(ভিসি- কাশফিন)

প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় রাজ্যের মন্ত্রী চন্দ্রনাথ সিনহার ৩ কোটি ৬০ লক্ষ টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে। গতকাল বিচার ভবনের সিবিআই বিশেষ আদালতে নথিপত্র জমা দিয়ে সম্পত্তি বাজেয়াপ্ত করার কথা জানায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। ইডি সূত্রে খবর, চন্দ্রনাথের স্থাবর ও অস্থাবর সম্পত্তির অ্যাটাচমেন্ট প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়েছে। জানা গিয়েছে, তাঁর স্ত্রী, দুই ছেলের নামে থাকা ফ্ল্যাট, বাড়ি, জমি-সহ মোট ১০টি সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে। এর আগে, প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত হিসাবে বীরভূমের বোলপুর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস বিধায়ক চন্দ্রনাথকে হেফাজতে চেয়ে কয়েক মাস আগে আদালতে আবেদন করেছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি। কিন্তু সেই আবেদন খারিজ করে দিয়ে চন্দ্রনাথের আগাম জামিনের মেয়াদ বাড়িয়ে দিয়েছিল আদালত। তবে ইডি সূত্রে খবর, এবার চন্দ্রনাথ ও তাঁর পরিবারের সদস্যদের নামে থাকা স্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত করার প্রক্রিয়া শুরু হয়েছে।

উল্লেখ্য, রাজ্যের প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে চন্দ্রনাথের নাম উঠে এসেছিল বলাগড়ের বহিষ্কৃত তৃণমূল যুবনেতা কুন্তল ঘোষের সূত্র ধরে। ২০২৪ সালের মার্চ মাসে চন্দ্রনাথের বাড়িতে তল্লাশি চালান ইডি আধিকারিকেরা। উদ্ধার হয় নগদ ৪১ লক্ষ টাকা।

একাদশ-দ্বাদশ নিয়োগের জন্য নতুন করে তথ্য যাচাই-এর পর আরো ৪৮ জন চাকরী প্রার্থীকে ইন্টারভিউ-এর জন্য ডাকা হয়েছে। আগামী আট তারিখ এই ইন্টারভিউ হবে। এর আগে কয়েকজন প্রার্থী হাইকোর্টে জানান, আবেদনের সময় জাতিগত ক্যাটাগরি উল্লেখ করলে তাঁরা তথ্য যাচাই-এর সুযোগ পেতেন। হাইকোর্ট এব্যাপারে ইতিবাচক মত প্রকাশ করে SSC-কে ফের তাঁদের আবেদন গ্রহণ করতে বলে। ১৫৪ জনের মধ্যে ৪৮ জন ইন্টারভিউ-এর যোগ্যতা অর্জন করেছে বলে SSC জানিয়েছে।

ইতিমধ্যেই যোগ্যতা অর্জনকারী অন্য প্রার্থীদের তথ্য যাচাই ও ইন্টারভিউ অবশ্য সম্পন্ন হয়েছে।

বিভিন্ন সমাজ মাধ্যমে বেশ কিছুদিন যাবৎ কলকাতার চলচ্চিত্র শিল্পী, পরিচালক ও প্রযোজকদের বিরুদ্ধে উদ্দেশ্যপ্রণোদিতভাবে অবমাননাকর প্রচার করা হচ্ছে বলে অভিযোগ জানিয়েছে চলচ্চিত্র শিল্পীদের স্ক্রিনিং কমিটি। অভিনেতা পরমব্রত চট্টোপাধ্যায়, আবীর চট্টোপাধ্যায় যীশু সেনগুপ্ত, কলাকুশলীদের সংগঠনের সভাপতি স্বরূপ বিশ্বাস সহ তাদের একটি প্রতিনিধিদল গতকাল লালবাজারে গিয়ে নগর পাল মনোজ কুমার ভার্মার সঙ্গে দেখা করেন। বৈঠক থেকে বেরিয়ে ইস্টার্ন ইন্ডিয়া মোশন পিকচারস অ্যাসোসিয়েশনের সভাপতি পিয়া সেনগুপ্ত আকাশবাণীকে বলেন, নতুন ছবির প্রচার অথবা মুক্তির সময় একদল মানুষ এই কাজ করছেন। দীর্ঘদিন দেখার পর তাঁরা এ বিষয়ে পুলিশের দ্বারস্থ হতে বাধ্য হন। তবে এর পিছনে কোন রাজনৈতিক উদ্দেশ্য নেই বলেই তিনি মনে করেন।

(বাইট- পিয়া সেনগুপ্ত)

আসন্ন গঙ্গাসাগর মেলা উপলক্ষ্যে, শিয়ালদা থেকে নামখানা ও কাকদ্বীপ যাওয়ার ট্রেনের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বাড়ানো হচ্ছে। আগামী ১০ তারিখ থেকে ১৬ তারিখ পর্যন্ত মোট ১৫৬ টি ট্রেন চালানো হবে, যা এর আগের তুলনায় ৫০ শতাংশ বেশী। শিয়ালদা DRM রাজীব সাক্সেনা গতকাল এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, অন্যান্য বছর ছ'দিন বিশেষ পরিষেবা চালু থাকলেও, এবার সাত দিনই তা' মিলবে।

(বাইট- DRM রাজীব)

একইসঙ্গে, যাত্রী সচ্ছন্দ্যের কথা মাথায় রেখে বিশেষ লাইনের ব্যবস্থা করা হয়েছে। যারা গঙ্গাসাগর যাওয়ার জন্য ট্রেন ধরবেন, তারা MUTS অ্যাপের মাধ্যমে টিকিট কাটতে পারবেন। ১৫ ও ১৬ নম্বর প্ল্যাটফর্ম থেকে এই ট্রেন ছাড়বে। এছাড়াও খোলা হবে 'হেল্প ডেস্ক' ও 'মেডিকেল ডেস্ক' রাখা হবে। অ্যাম্বুলেন্স এর ব্যবস্থাও থাকছে। তবে নিরাপত্তা ব্যবস্থা নির্বিঘ্ন রাখতে পূর্বে তুলনায় বেশি সংখ্যক RPF নিয়োগ করা হবে।

দক্ষিণ ২৪ পরগণার ফলতা থানার দীঘির পাড় এলাকায় গতরাত আড়াইটে নাগাদ একটি পেন কারখানায় ভয়াবহ আগুন লাগে। দাহ্য পদার্থ পেনের কালি তৈরীর রাসায়নিক মজুত থাকায় আগুন দ্রুত বিধ্বংসী আকার ধারণ করে। দমকলের দুটি ইঞ্জিন এখনো আগুন নেভানোর চেষ্টা চালাচ্ছে। তবে পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে। পার্শ্ববর্তী দোকান ও বাড়িঘরে যাতে আগুন ছড়িয়ে না পড়ে, সেজন্য বিশেষ নজর দিচ্ছেন দমকল কর্মীরা। আগুন লাগার কারণ অবশ্য জানা যায়নি।

বিজয় হাজারে ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা আজ অসমের মুখোমুখি হবে। রাজকোটের সানোসারা ক্রিকেট গ্রাউন্ড বি-তে খেলা শুরু হবে সকাল ৯ টায়।

প্রতিযোগিতায় বাংলা এখনও পর্যন্ত চার ম্যাচে তিনটি জয় পেয়ে ১২ পয়েন্ট সংগ্রহ করেছে। অন্যদিকে, অসম চার ম্যাচে একটিতে জিতে চার পয়েন্ট পেয়েছে। বাংলা নিজেদের গত ম্যাচে জম্মু-কাশ্মীরকে হারিয়ে দিয়েছিলো। অসম তাদের গত ম্যাচে উত্তরপ্রদেশের কাছে পরাজিত হয়। বাংলা এলিট গ্রুপ বি তে তৃতীয় স্থানে রয়েছে। অসম রয়েছে ষষ্ঠ স্থানে।
